বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৪)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০. ২৫৫ তারিখ: ০৯ মার্চ, ২০২১।

বিষয়: শিক্ষক নিবন্ধন সনদ যাচাই

সূত্র: ১। তার কার্যালয়ের স্মারক নং ৩৭.০২.৬১৩১.০০১.১৬.০৩৮.২০/২৩৮ তারিখ: ১৫/১১/২০২০।
২। এ কার্যালয়ের স্মারক নং ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০.২১৮৭ তারিখ: ৩/১২/২০২০।
৩। অধ্যক্ষ, বৈরাটি আলিম সিনিয়র মাদরাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এর ১/১/২০২১ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ১ নং স্মারকে তার কার্যালয় থেকে বৈরাটি আলিম মাদ্রাসার আরবী প্রভাষক জনাব মোঃ নূর উদ্দিনের শিক্ষক নিবন্ধন সনদ যাচাইয়ের জন্য এ কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ ২ নং স্মারকমূলে তার সনদটি সঠিক নয় মর্মে প্রতিবেদন দেয়া হয়। পরবর্তীতে উক্ত মাদ্রাসার অধ্যক্ষ এর মাধ্যমে জনাব নূর উদ্দিন তার সনদটি সঠিক আছে এবং এ কার্যালয় থেকে প্রেরীত ২ নং স্মারকের যাচাই প্রতিবেদনটি পুনঃবিবেচনার জন্য আবেদন করেন।

উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে বিষয়টি তদন্ত করা হয় এবং জনাব নূর উদ্দিনের ব্যক্তিগত শুনানী সহ তার দাখিলকৃত প্রবেশপত্র সহ অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নরূপ দেখা যায়:-

(ক) জনাব নূর উদ্দিন ২০০৫ সালে অনুষ্ঠিত ১ম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং উর্ত্তীণ হয়ে মূল সনদ উত্তোলন করেন।

(খ) তার মূল সনদটি হারিয়ে গেলে ঈশ্বরগঞ্জ থানায় সাধারণ ডায়েরী করেন যার নম্বর -১০৮ তারিখ: ০৩/০৬/২০০৬

(গ) ময়মনসিংহ থেকে প্রকাশিত "দৈনিক জাহান" পত্রিকায় হারানো বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

(ঘ) উক্ত জিডি এবং পত্রিকার কপিসহ NTRCA কার্যালয়ে আবেদন করেন এবং দ্বি-নকল (Duplicate) সনদ সংগ্রহ করেন।

(ঙ) ২০০৫ সনের ১ম নিবন্ধন পরীক্ষার প্রায় ১৫ বছর পরও পরীক্ষার প্রবেশপত্র, পত্রিকার বিজ্ঞপ্তি ও সংশ্লিষ্ট থানার জিডির কপি সনদধারীর নিকট অদ্যাবধি সংরক্ষিত আছে।

(চ) মূল প্রবেশপত্রে উল্লিখিত রোল নং, রেজি নং, নাম ও পিতার নাম ও ফলাফল বিবরনীতে উল্লিখিত সনদধারীর নাম, পিতার নাম, রোল নং ও রেজি নং মিল রয়েছে।

(ছ) সনদধারী মূল সনদ ও দ্বি-নকল সনদ সংগ্রহের জন্য যে অফিসে গিয়েছিলেন তার নাম ও লোকেশান সঠিকভাবে বলতে পেরেছেন।

(জ) ২০০৫ সালে প্রথমে NTRCA অফিস প্রতিষ্ঠিত হয় ঢাকাস্থ কলা বাগানের একটি ভাড়া বাড়িতে। সনদধারীর পক্ষে সে অফিসের লোকেশন সঠিকভাবে বলতে পারা ও সনদটি সঠিকতার একটি প্রমাণ। কেননা জাল সনদধারীর পক্ষে এতগুলো তথ্য সঠিক বলা সম্ভব নয়।

(ঝ) "দ্বি-নকল" শব্দটিসহ অন্যান্য তথ্য হাতে লিখা থাকায় এবং আবশ্যিক বিষয়ে প্রাপ্ত নম্বর ঐচ্ছিক বিষয়ের ঘরে এবং ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত নম্বর আবশ্যিক বিষয়ের ঘরে উল্লেখ থাকায় উক্ত সনদটি জাল মনে হওয়ায় সূত্রস্থ ২ নং স্মারকে সনদটি সঠিক নয় মর্মে প্রতিবেদন দেওয়া হয়েছিল।

(ঞ) দ্বি-নকল সনদে স্বাক্ষরকারী চেয়ারম্যান ও সদস্যগণ দ্বি-নকল সনদ সরবরাহের সময় কর্মরত ছিলেন। কিন্তু মূল সনদ ইস্যু করার সময় কর্মরত ছিলেন না। দ্বি-নকল সনদকে মূল সনদ মনে করায় সূত্রস্থ ২ নং স্মারক সনদটি সঠিক নয় বলে প্রতিবেদন দেওয়া হয়েছিল।

(ট) জনাব নূর উদ্দিনের এ সনদটি ছিল ১ম নিবন্ধন পরীক্ষার সনদ। তখন NTRCA এর কার্যক্রম প্রাথমিক পর্যায়ের ছিল। তাই দ্বি-নকল শব্দটি হাতে লিখা হয়েছে এবং ঐ সময়ের দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীদের অসতর্কতার কারণে আবশ্যিক বিষয়ে প্রাপ্ত নম্বর ঐচ্ছিক বিষয়ের কলামে এবং ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত নম্বর আবশ্যিক বিষয়ের কলামে লিপিবদ্ধ করা হয়েছে।

(ঠ) উপর্যুক্ত তথ্যাদি বিবেচনান্তে জনাব নূর উদ্দিনের দ্বি-নকল সনদটিকে সন্দেহতীতভাবে জাল ও ভুয়া বলা যায় না।

এমতাবস্থায় যেহেতু তদন্তে জনাব নূর উদ্দিন এর সনদটি জাল বলে প্রতীয়মান হয়নি সেহেতু এ কার্যালয়ের স্মারক নং-৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০.২১৮৭ তারিখ ৩/১২/২০২০ মূলে ইস্যুকৃত পত্রের ৬ নং ক্রমিকে উল্লিখিত জনাব নূর উদ্দিনের "সনদটি সঠিক নয়" মর্মে যে মন্তব্য করা হয়েছিল তা বাতিল করা হলো। সনদটি সঠিক হিসেবে গন্য করা হলো মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

প্রাপক

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

০৯.০৬.২০২১

(তাজুল ইসলাম)
সহকারী পরিচালক (পমূপ্র-৩)
এনটিআরসিএ, ঢাকা।

অনুলিপি:

১. বিশেষ পুলিশ সুপার, বিশেষ পুলিশ সুপারের কার্যালয়, সি আই ডি, ময়মনসিংহ।
২. অফিসার ইনচার্জ, ঈশ্বরগঞ্জ থানা, ময়মনসিংহ।
৩. অধ্যক্ষ বৈরাটি আলিম সিনিয়র মাদ্রাসা ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
৪. জনাব নূর উদ্দিন প্রভাষক, আরবী বৈরাটি আলিম সিনিয়র মাদ্রাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
[তাকে দ্বি-নকল সনদ এ অফিস থেকে সংশোধন করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো]